# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

এইচএসসি (বিএমটি) শাখা

**Website: bteb.gov.bd**

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৩১.০৬৪.২৪.০৪৪ তারিখ: ১২-১২-২০২৪ খ্রি.

**বিষয়: এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোক.) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষা-২০২৪ এর অব্যয়িত ফি ফেরত প্রদানের লক্ষ্যে তথ্য প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **বাকাশিবো স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৩১.৫৫.২৪.০৩৩; তারিখ: ০৬-১০-২০২৪ খ্রি.** মোতাবেক প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা-২০২৪ এর অব্যয়িত ফি ফেরত প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্ব স্ব ব্যাংক হিসাবে উক্ত অব্যয়িত ফি প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠানসমূহকে আগামী **১৫-১২-২০২৪ খ্রি. হতে ৩১-১২-২০২৪ খ্রি.** তারিখের মধ্যে **নিম্নোক্ত লিংকে** প্রবেশ করে প্রতিষ্ঠানের নামে ব্যাংক হিসাবের তথ্যসহ (যেমন: ব্যাংকের নাম, শাখার নাম, হিসাব নম্বর ও রাউটিং নম্বর ইত্যাদি তথ্য) হালনাগাদ সকল তথ্য প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**তথ্য প্রদানের লিংক:** https://bteb.gov.bd/ ⇨ ই-সেবা ⇨ প্রতিষ্ঠান(লগইন) ⇨ Institute ⇨ Basic Information

**বি.দ্র.: উপরোক্ত সময়সীমার মধ্যে কোনো প্রতিষ্ঠান হালনাগাদ তথ্য প্রদান করতে ব্যর্থ হলে কিংবা ভুল তথ্য প্রদান করলে উক্ত প্রতিষ্ঠানের অব্যয়িত অর্থ ফেরত প্রদানের ক্ষেত্রে কোনো জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকেই এর দায়ভার গ্রহণ করতে হবে।**

**বিষয়টি অতীব জরুরী।**

১২/১২/২৪

(মো: কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
E-mail: controller@bteb.gov.bd
ফোন: ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৩১.০৬৪.২৪.০৪৪(১০) তারিখ: ১২-১২-২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৫. বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপ পরিচালক (হি. ও নি.), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অফিস নথি।

১২/১২/২৪

(মো: জাহেদুল কবির খান)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)
ফোন: ০২-৫৫০০৬৫২৯ (অফিস)